# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

Web site: www.bteb.gov.bd


স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০০১.১৪.৫৭২

তারিখ: ১১ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০২৫খ্রি.

## ০১ (এক) বছর মেয়াদি সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ অ্যান্ড প্রডাকশন, জুলাই-জুন, ২০২৫-২০২৬ সেশনের ১ম পর্ব সমাপনী পরীক্ষার অনলাইন ফরম পূরণ (Online Form Fill up) -এর বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত ০১ (এক) বছর মেয়াদি সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ অ্যান্ড প্রডাকশন, জুলাই-জুন, ২০২৫-২০২৬ সেশনের ১ম পর্ব সমাপনী পরীক্ষা আগামী ২৭ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ শনিবার হতে অনুষ্ঠিত হবে। উল্লেখিত পরীক্ষায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে অনলাইন ফরম পূরণ (Online form fill up) -এর বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

- ১ম পর্ব সমাপনী পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠান (কেন্দ্র) -এ অনুষ্ঠিত হবে;
- পরীক্ষার সময়সূচি/রুটিন যথাসময়ে বোর্ডের ওয়েব সাইট www.bteb.gov.bd -এ প্রকাশ করা হবে;
- বোর্ড অনুমোদিত প্রবিধান-২০১৬ মোতাবেক ০১ (এক) বছর মেয়াদি সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ অ্যান্ড প্রডাকশন শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয় ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী ১ম পর্ব সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- উল্লিখিত পরীক্ষায় রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে অনলাইন ফরম পূরণ (Online form fill up) -এর নিয়মাবলি নিম্নে প্রদত্ত হলো:

০১. পরীক্ষার অনলাইন ফরম পূরণ (Online form fill up) -এর নিয়মাবলী:

১.১ পরীক্ষায় অংশগ্রহণকারি পরীক্ষার্থীদের অত্যন্ত সাবধানতার সহিত নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডের Website -এর মাধ্যমে অনলাইন (Online) -এ ফরম পূরণ সম্পন্ন করতে হবে;

১.২ ১ম পর্ব সমাপনী পরীক্ষার ফি সমূহ নিম্নরূপ:

| ক্রঃ | ১ম পর্ব সমাপনী পরীক্ষা | পরিমান (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | পরীক্ষার ফি ১ম পর্ব | ২২৫.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ০২. | কেন্দ্র ফি ১ম পর্ব | ২২৫.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |
| ০৩. | ব্যবহারিক পরীক্ষার ফি (ব্যবহারিক প্রতি বিষয়ের জন্য) | ২০.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |

০২. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের অনলাইন (Online) ফরম পূরণের প্রিন্ট কপি প্রেরণ ও পরীক্ষার ফি বোর্ডে জমা প্রদানের নিয়মাবলি :

২.১ Online -এ ভুল তথ্য পূরণ করা হলে সরাসরি তা নাকচ করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ী থাকবে না;

২.২ নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ১ম পর্ব পরীক্ষা অনুষ্ঠানের জন্য পরীক্ষার ফি ২২৫/- টাকা হারে সোনালী সেবার মাধ্যমে বোর্ডের প্রাপ্য অর্থ জমা দিতে হবে। সোনালী সেবার মাধ্যমে জমাকৃত স্লিপের মূলকপি প্রবেশপত্র (Admit Card) গ্রহণের সময় বোর্ডে জমা দিতে হবে;

২.৩ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল খাতে এন্ট্রিপুর্বক প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানি/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই জারিকৃত/প্রবর্তিত সম্মানি/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের টাকার অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবর প্রেরণ করতে হবে;

২.৪ বোর্ডের প্রাপ্য পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহ সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য হবে না;

২.৫ নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান (কেন্দ্র) প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্বান হওয়ার জন্য অনুরোধ করা হলো:

| অনলাইন (Online) - এ শিক্ষার্থীদের ফরম পূরণের তারিখ | নির্ধারিত তারিখের পরে শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- বিলম্ব ফিসহ ফরম পূরণের তারিখ | শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট ও সোনালী সেবায় ফি প্রদানের শেষ তারিখ | প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|
| ০৭-১২-২০২**৫** খ্রি. হতে ১৩-১২-২০২**৫** খ্রি. পর্যন্ত | ১৪-১২-২০২**৫** খ্রি. | ১৭-১২-২০২**৫** খ্রি. হতে ২১-১২-২০২**৫** খ্রি. পর্যন্ত | ২২-১২-২০২**৫** খ্রি. হতে ২৩-১২-২০২**৫** খ্রি. পর্যন্ত |

২.৬ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও প্রবেশপত্র গ্রহণের সময় পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট আউট কপি, সোনালী সেবায় ফি প্রদানের রশিদ ও প্রতিষ্ঠানের ০২ (দুই) কপি আবেদনসহ একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্ট্রার বা সমপর্যায়ে কোনো কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহণযোগ্য।

০৩. পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যোগাযোগ ও প্রেরণের ঠিকানা:

| | | |
|---|---|---|
| প্রাপক | : | পরীক্ষা নিয়ন্ত্রক |
| দৃষ্টি আকর্ষণ | : | উপপরীক্ষা নিয়ন্ত্রক<br>শর্ট কোর্স শাখা, ভবন-১ (৫ম তলা), পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০। |
| বিষয় | : | ০১ (এক) বছর মেয়াদি সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পোল্ট্রি ফার্মিং ও এনিমেল হেলথ অ্যান্ড প্রডাকশন। |
| তারিখ | : | |
| মোবাইল | : | ০১৬৩২৪৮৬০৬৪ (অফিস) |

০৪. অন্যান্য শর্তাবলি:

৪.১ পরীক্ষার্থীদের অনলাইন (Online) -এ ফরম পূরণের প্রিন্টকৃত তালিকা কপি এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি বোর্ডে গ্রহণ করা হবে না;

৪.২ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে ফেরৎ দিতে হবে।

০৫. পরীক্ষা বিষয়ে করণীয়:

৫.১ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থী কেন্দ্রের পরীক্ষা কক্ষে উপস্থিত থাকতে হবে;

৫.২ বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত প রীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত পরীক্ষার দিন কেন্দ্রে প্রশ্নপত্র পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অনলাইন (bteb.online) প্রেরণ করা হবে;

৫.৩ অন লাইন (bteb.online) -এর মাধ্যমে প্রশ্ন প্রাপ্তির ক্ষেত্রে (যদি প্রয়োজন হয়) সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র নিম্নোক্ত বোর্ড কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন:

| ক্রঃ | বোর্ড কর্মকর্তার নাম, পদবি ও মোবাইল নম্বর |
|---|---|
| ০১. | জনাব মোঃ সাখাওয়াত হোসেন, উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। মোবাইল নম্বর: ০১৫৫৮-৩৫৬২৮৮| |
| ০২. | জনাব জনাব রতন চন্দ্র নাথ, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)। মোবাইল নম্বর: ০১৭২৮-৩৬৬৩৪৪। |

০৬. পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত তথ্য

৬.১ ১ম পর্ব সমাপনী পরীক্ষায় লিথু বিহীন উত্তরপত্র ব্যবহার করতে হবে;

৬.২ পরীক্ষার পর্ব/বর্ষ ১ম লিখতে হবে;

৬.৩ কারিকুলাম কোড: ৮১ (একাশি) সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ অ্যান্ড প্রডাকশন শিক্ষাক্রমের জন্য দিতে হবে;

৬.৪ টেকনোলজি: পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব টেকনোলজি কোড বসবে (১৯/২০)।

০৭. উপস্থিত-অনুপস্থিত পরীক্ষার্থীর শিরোনামপত্র বোর্ডে প্রেরণ:

৭.১ কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে তার নাম ও রেজিস্ট্রেশন নম্বর হাজিরা সীট এবং শিরোনামপত্রে উল্লেখ করতে হবে এবং একত্রে বাঁধাই করে বোর্ডের সংশ্লিষ্ট ঠিকানায় প্রেরণ করতে হবে;

৭.২ কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে অনলাইন (Online) - এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে "A" লিখতে হবে।

০৮. চূড়ান্ত ব্যবহারিক (PF) পরীক্ষা গ্রহণ ও প্রাপ্ত নম্বর সংক্রান্ত:

৮.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ড প্রদত্ত পরীক্ষার রুটিন/সময়সূচী অনুসরণ করে এ শিক্ষাক্রমের ১ম পর্বের চূড়ান্ত ব্যবহারিক (PF) পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৮.২ ব্যবহারিক সকল বিষয়ের ব্যবহারিক দক্ষতা মূল্যায়নে অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ দিয়ে পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রদান করবেন;

৮.৩ সংশ্লিষ্ট বিষয়ের পাঠদানরকারী শিক্ষককে অভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ করতে হবে।

বিঃ দ্রঃ (১) সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে অ্যাফিলিয়েশন ফি জমা/হালনাগাদপূর্বক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

(২) যেসকল প্রতিষ্ঠান এখনও বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) হতে EIIN গ্রহণ করেন নাই,তাদেরকে অতিসত্ত্বর ব্যানবেইসের নির্ধারিত লিংক হতে অনলাইনে EIIN গ্রহণ করার জন্য নির্দেশকক্রমে অনুরোধ করা হলো।

২৬/১১/২০২৫

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩১.০০১.১৪.৫৭২ (১৭) তারিখ: ২৬ নভেম্বর, ২০২৫খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৬। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/ঢাকা/ময়মনসিংহ।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
৮। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। রেজিস্ট্রেশন কার্ড সরবরাহের অনুরোধসহ।
০৯। উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান/সিলেবাস অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের অনুরোধসহ ।
১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১১। কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রসমূহ। উল্লিখিত তারিখ অনুযায়ী উত্তরপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১২। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। উল্লিখিত তারিখে প্রতিষ্ঠান/কেন্দ্রসমূহকে উত্তরপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহের অনুরোধসহ।
১৫। অধ্যক্ষ/পরিচালক, ০১ (এক) বছর মেয়াদি সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ অ্যান্ড প্রডাকশন, কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তি মোতাবেক যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৬। পি ও টু, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। নথি।

২৬.১১.২০২৫

(মোঃ নওশাদ আলী)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), অ.দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।